অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

# নির্বাচন কমিশন
## বাংলাদেশ
## নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
www.ec.org.bd

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৮.১৫(অংশ-২).৩২৩

তারিখঃ ১০ কার্তিক ১৪২২
২৫ অক্টোবর ২০১৫

## পরিপত্র-৩

বিষয় : **জাতীয় সংসদের ১৩৩ টাঙ্গাইল-৪ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ব্যালট পেপারের নিরাপত্তা, ব্যালট পেপারসহ বিভিন্ন সিল সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা, ভোটকেন্দ্রে বিভিন্ন রকমের সিল প্রেরণ এবং আইন অনুসারে নির্বাচনি কাগজপত্র সংরক্ষণ**

উপর্যুক্ত বিষয়ে দশম জাতীয় সংসদের সাধারণ নির্বাচন উপলক্ষে ১৬ পৌষ ১৪২০ বঙ্গাব্দ/৩০ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত পরিপত্র-১৬ [১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৩(অংশ-৩).৫৬২]-এর অনুবৃত্তিক্রমে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, নির্বাচনি দ্রব্যাদি যথাযথভাবে সংরক্ষণ, ভোটকেন্দ্রে প্রেরণ এবং ভোটগ্রহণ শেষে ভোটকেন্দ্র হতে সিলগালাকৃত কাগজপত্র ও নির্বাচনি দ্রব্যাদি ট্রেজারিতে সংরক্ষণের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন। ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি রিটার্নিং অফিসারের নিকট যথাসময়ে প্রেরণ করা হবে। ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি জেলা পর্যায়ে পৌঁছানোর পর জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

২। **ব্যালট পেপারের নিরাপত্তাঃ** নির্ধারিত সময়সূচি অনুযায়ী পর্যাপ্ত নিরাপত্তার সাথে সরকারি মুদ্রণালয় হতে ব্যালট পেপারসমূহ জেলা পর্যায়ে নিতে হবে। জেলা পর্যায় থেকে উপজেলা পর্যায়ে এবং পরবর্তীতে প্রিজাইডিং অফিসার কর্তৃক ভোটকেন্দ্রে নিয়োজিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসহ ভোটকেন্দ্রে অন্যান্য মালামালের সাথে নিয়ে যেতে হবে। ব্যালট পেপার বিতরণ ও সরবরাহের সময় নির্বাচনি এলাকায় দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ নিরাপত্তা প্রদান করবে।

৩। **বিভিন্ন ধরনের সিলের সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষাঃ** ব্যালট পেপারসহ অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করতে হবে এবং সকল পর্যায়ে যাতে ব্যালট পেপার, মার্কিং সিল এবং অফিসিয়াল সিলের গোপনীয়তা রক্ষিত হয় তার নিশ্চয়তা বিধান করবেন। বিশেষ করে নির্বাচনি মালামাল সংরক্ষণ, বিতরণ ও সরবরাহের সময় অফিসিয়াল সিলের কোড নম্বরের গোপনীয়তা রক্ষা করতে হবে।

৪। **ব্রাস সিলের নিরাপত্তা কোড নম্বরঃ** আপনার নিকট তিন ধরনের সিল অর্থাৎ অফিসিয়াল সিল, মার্কিং সিল এবং ব্রাস সিল প্রেরণ করা হবে। প্রেরিত তিনটি সিলের মধ্যে অফিসিয়াল সিল এবং ব্রাস সিলে নিরাপত্তামূলক নম্বর (কোড মার্ক) রয়েছে। সুতরাং আপনি এই সিল দুটি প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের সময় কোন্ ভোটকেন্দ্রে কোন্ নম্বরের সিল সরবরাহ করেছেন তা বিতরণ রেজিস্টারে লিখে রাখবেন এবং প্রত্যেক সিলের ছাপও নিরাপদ স্থানে সংরক্ষণ করবেন।

৫। **হেসিয়ান ব্যাগ ও গানি ব্যাগের মাধ্যমে নির্বাচনি দ্রব্যাদি প্রেরণঃ** বিভিন্ন ধরনের সিল ভোটকেন্দ্রে সরবরাহের জন্য চটের থলি প্রেরণ করা হবে। আপনি প্রত্যেক ভোটকেন্দ্রের সিল চটের থলিতে আবদ্ধ করে সিল গালা করবেন এবং ভোটগ্রহণ শেষে ঐ চটের থলিতেই সিল গালা করে প্রিজাইডিং অফিসারকে ফেরত দিতে বলবেন। তবে এই ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারকে পিতলের সিলের মাধ্যমে চটের থলি সিল গালা করতে হবে বিধায় পিতলের সিলটি পৃথকভাবে জমা দিতে বলবেন। অতঃপর পর্যাপ্ত পুলিশ প্রহারাধীনে যত তাড়াতাড়ি সম্ভব সহকারী রিটার্নিং অফিসার/রিটার্নিং অফিসারের নিকট তা হস্তান্তর করবেন। সিলমোহরকৃত চটের গানি ব্যাগ ভোটকেন্দ্র হতে প্রেরণের পূর্বে গানি ব্যাগে ভোটকেন্দ্রের নম্বর ও নাম লিখিত কাগজ সেঁটে দিতে হবে।

৬। **নির্বাচনি দ্রব্যাদি ও ভোটগ্রহণ কর্মকর্তাদের গন্তব্যস্থলে পৌঁছানোর জন্য সহায়তাঃ** ভোটগ্রহণের পূর্বের দিন প্রিজাইডিং অফিসারদের নিকট মালামাল বিতরণ করার পর ভোটকেন্দ্রে গমনের ব্যবস্থা করা এবং ভোটকেন্দ্রে ভোট গণনা শেষে ফলাফল ও

নির্বাচনি দ্রব্যাদিসহ সহকারী রিটার্নিং অফিসারের দপ্তরে আসার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে বিশেষ করে ভোটকেন্দ্র হতে ফলাফল ও নির্বাচনি দ্রব্যাদি উপজেলা সদরে নিয়ে আসার সময় আইন-শৃঙ্খলা বাহিনীকে বিশেষ সর্তকতা অবলম্বন করতে হবে। প্রয়োজনে নির্বাচনি এলাকায় দায়িত্ব পালনরত মোবাইল ও স্ট্রাইকিং ফোর্সের সহায়তা নিতে হবে।

৭। **নির্বাচনি কাগজপত্রাদি নিরাপত্তা সহকারে সংরক্ষণঃ** জাতীয় সংসদের **১৩৩ টাঙ্গাইল-৪** নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের আসন্ন নির্বাচন শেষে সমস্ত নির্বাচনি কাগজপত্র গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪২ এর বিধান অনুসারে আপনাকে সংরক্ষণ করতে হবে। মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে আপনাকে নির্বাচনি কাগজপত্রাদি সরকারি কোষাগারে (ট্রেজারিতে ডাবল লকে) সংরক্ষণ করতে হবে এবং সংরক্ষণে সর্বোচ্চ নিরাপত্তা ও রক্ষামূলক ব্যবস্থা (safety and protection) গ্রহণ করতে হবে। এক্ষেত্রে জেলা প্রশাসক, টাঙ্গাইল আপনাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৮। বর্ণিতাবস্থায়, ব্যালট পেপারের নিরাপত্তা, ব্যালট পেপারসহ বিভিন্ন সিল সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা এবং আইন অনুসারে নির্বাচনি কাগজপত্র সংরক্ষণ ও অনুরূপ বিষয়ে জাতীয় সংসদ সাধারণ নির্বাচন উপলক্ষে জারীকৃত নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

পরিপত্রটির প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

সংলগ্নীঃ বর্ণনা মোতাবেক

২৫/১০/১৫

( মোঃ সামসুল আলম )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৯১৮০৬৫৩
ফ্যাক্স: ৯১৮০৭৮২

বিতরণঃ

১। জেলা নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ ও রিটার্নিং কর্মকর্তা

২। জেলা নির্বাচন কর্মকর্তা, টাঙ্গাইল ও সহকারী রিটার্নিং কর্মকর্তা

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৮.১৫(অংশ-২).৩২৩

তারিখঃ ১০ কার্তিক ১৪২২ / ২৫ অক্টোবর ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ, ঢাকা
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৪. জেলা প্রশাসক, টাঙ্গাইল

১৫. পুলিশ সুপার, টাঙ্গাইল

১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ

১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৮. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, টাঙ্গাইল

১৯. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-কালিহাতী, জেলা-টাঙ্গাইল

২০. জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল

২১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২২. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

২৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাজেট ও অর্থ)/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২/ক্রয় ও মুদ্রণ শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৫. উপজেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা-কালিহাতী, জেলা-টাঙ্গাইল

২৬. অফিসার-ইন-চার্জ, কালিহাতী থানা, জেলা-টাঙ্গাইল

২৫.১০.২০১৫

**( মোঃ রাজীব আহসান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোনঃ ৯১৮০৭৮৪
ইমেইল ঠিকানা: rajib_as_ecs@yahoo.com